# উপজেলা পরিষদ কার্যালয়
## উখিয়া, কক্সবাজার।

## উখিয়া উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২২ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জাহাঙ্গীর আলম<br>চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)<br>উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, উখিয়া |
| তারিখ ও সময় | ঃ | ২৯/১২/২০২২ খ্রিস্টাব্দ, দুপুর ১২.০০ টা |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন এবং স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | প্রকৌশল বিভাগ | ক) উপজেলা প্রকৌশলী, উখিয়া সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) খাতে ১ম কিস্তিতে ১৩.৩৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। ১ম কিস্তির ছাড়কৃত অর্থের অনুরুপ আরো ৩টি কিস্তির বরাদ্দসহ চার কিস্তিতে মোট ১৩.৩৯*৪=৫৩.৫৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যাবে আশা করা যায়। বরাদ্দকৃত টাকায় ২০২২-২০২৩ অর্থবছরের নতুন স্কীমের তালিকা পাওয়া গেছে। যা ইতোমধ্যে যাচাই বাছাই এর কার্যক্রম চলমান এবং স্কীমের তালিকা ফাইনাল হলে পুরোধমে টেন্ডার প্রক্রিয়ার কার্যক্রম সম্পন্ন করা হবে। | সভার বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব) খাতের অর্থায়নে পূর্ববতী বছরের ন্যায় নতুন স্কীমের তালিকা ফাইনাল করে যথাযথ সময়ে টেন্ডার প্রক্রিয়া করে কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উখিয়া, কক্সবাজার। |
| | | খ) উপজেলা প্রকৌশলী, উখিয়া সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে (১) উখিয়া থানা পুকুর পাড়ে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন এবং (২) পাতাবাড়ি অনাথ আশ্রম এবং আনন্দ ভবন বৌদ্ধ বিহারের পার্শ্বের খালে গাইড ওয়াল নির্মাণ প্রকল্পদুটি গ্রহণ করা হয় যার চুক্তিমূল্য ছিল ১৮,৬০,৫৩৩.০০ টাকা। কিন্তু দেশে নির্মাণ সামগ্রীর মূল্য ক্রমাগতভাবে বৃদ্ধি পাওয়ায় প্রকল্পদুটি কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদার মেসার্স সাকিব এন্টারপ্রাইজ কর্তৃক চুক্তিমূল্য দ্বারা সম্পন্ন করা সম্ভব না হওয়ায় চুক্তিমূল্যের ১৫% অতিরিক্ত দর অনুমোদন করা প্রয়োজন মর্মে উপজেলা প্রকৌশলী, উখিয়া সভায় অবহিত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে (১) উখিয়া থানা পুকুর পাড়ে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন এবং (২) পাতাবাড়ি অনাথ আশ্রম এবং আনন্দ ভবন বৌদ্ধ বিহারের পার্শ্বের খালে গাইড ওয়াল নির্মাণ প্রকল্পদুটির চুক্তিমূল্যের ১৫% অতিরিক্ত দর অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, উখিয়া |
| ০২. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তবায়িত প্রকল্পের বিবরণ নিম্নরুপঃ<br>১। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩২,৩৭,৮৯৮/৬৩ (বত্রিশ লক্ষ সাইত্রিশ হাজার আটশত আটানব্বই টাকা তেষট্টি পয়সা) এর বিপরীতে গৃহীত ১৭টি প্রকল্পের কাজ চলমান আছে। কাজের গড় অগ্রগতি ৮০%।<br>২। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে বরাদ্দকৃত ৪২,১৪,২৪৪/৯৪ টাকার বিপরীতে ২০টি প্রকল্পের কাজের অগ্রগতি ৮০%, ২৮.০৯৫২ মে.টন (চাল) এর বিপরীতে ০৬টি প্রকল্পের কাজের অগ্রগতি ৭৫% এবং ২৮.০৯৫২ মে.টন (গম) এর বিপরীতে ০৬টি প্রকল্পের কাজের অগ্রগতি ৮৫%। প্রকল্পের কাজ চলমান আছে।<br>৩। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে ২৮.০৭৩ মে.টন (চাল) এবং ৫৬.১৪৬ মে.টন (গম) বরাদ্দ পাওয়া গেছে। যা ইতোমধ্যে ইউনিয়ন ভিত্তিক উপবরাদ্দ প্রদান করা হয়েছে।<br>৪। মুজিব বর্ষ উপলক্ষে ২০২২-২০২৩ অর্থবছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন '৪র্থ পর্যায়ে' | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রকল্পসমূহ নিয়মিত সরেজমিনে পরিদর্শনপূর্বক গুণগতমান বজায় রেখে শতভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | "ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ 'ক' শ্রেণির পরিবারের জন্য একক গৃহ নির্মাণ" কাজ বাস্তবায়নের লক্ষ্যে ১০০ টি গৃহের বরাদ্দ পাওয়া গেছে। ৫৩টি গৃহের কাজ সমাপ্ত হয়েছে এবং বাকী ৪৭টি গৃহের কাজ চলমান রয়েছে। | | |
| ০৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া সভায় জানান, চলতি মৌসুমে বোরো ধান ৬৪৬০.০ হেক্টর জমিতে চাষাবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তারই প্রেক্ষিতে বোরো রোপন চলমান রয়েছে। পুষ্টি নিরাপত্তা নিশ্চিত ও অনাবাদী জমিতে চাষাবাদের লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে পুষ্টি বাগান স্থাপন হচ্ছে। এছাড়া সাধারণ গৃহের সামনেও এই কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে অত্র উপজেলায় সারেরও সংকট নেই।<br>বিভাগী অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলায় নিরাপদ সবজী উৎপাদনে যাতে ঘাটতি না থাকে এবং কোন আবাদী জমি ফেলে না রাখা হয় সেজন্য কৃষকদের উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া। |
| ০৪. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া সভায় জানান যে-<br>১. কমিউনিটি ক্লিনিকঃ- চালুকৃত সিসি- ১৮টি<br>২. স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রমঃ-<br>ক) বহিঃ বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৯৭০০ জন<br>খ) অন্তঃবিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৮২৭ জন (মৃত-০২ জন)<br>গ) জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৩২০১ জন<br>ঘ) মোট শয্যা ব্যবহারের হার- ১১৪.৩৬%<br>ঙ) স্বাভাবিক প্রসব-১৭৯ জন<br>(হাসপাতালে- ৩৭, সাব সেন্টারে- ৭৪, কমিউনিটি ক্লিনিকে- ১০, পরিবার পরিকল্পনা বিভাগে- ৫৮ জন)<br>চ) সিজারিয়ান- ৩৭ জন<br>৩. এমআইএস রিপোর্টিং হারঃ- ১০০%<br>৪. আইএমসিআই ও পুষ্টি কর্ণারঃ-<br>ক) অনলাইন রিপোর্টিং হার- ১০০% খ) মোট চিকিৎসাপ্রাপ্ত রোগী-৭৯৪ জন (ছেলে ৪০৯ জন, মেয়ে ৩৮৫ জন)<br>৫. টিবিঃ-<br>ক) মোট প্রিজাম্পটিভ রোগী- ৬৯৯ জন খ) মোট রোগী- ৪১ জন<br>গ) পজেটিভ- ২৫ জন ঘ) নেগেটিভ ও অন্যান্য- ১৬ জন<br>ঙ) মৃত্যু- ০০ জন<br>৬. এমপিডিএসআরঃ-<br>ক) নবজাতকের মৃত্যু- ০৩ জন খ) মাতৃ মৃত্যু- ০১ জন<br>গ) শিশু মৃত্যু- ০০ ঘ) ডেথ নোটিফিকেশন- ০৩ জন<br>ঙ) ভার ভাল অটপসি- নাই<br>৭. নিরাপদ খাদ্য বিভাগঃ-<br>ক) রেস্টুরেন্ট পরিদর্শন- ৪০টি খ) মুদির দোকান- ২০টি<br>গ) মাংসের দোকান- ০৩টি ঘ) মাছের দোকান- ০৬টি<br>ঙ) সন্দেহজনক খাদ্য নমুনা সংগ্রহ- ০২টি চ) চালের দোকান/গোডাউন- ০৫টি<br>ছ) কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপদ খাদ্যের উপর স্বাস্থ্য শিক্ষা প্রদান- ৭৫ জন<br>জ) নিরাপদ খাদ্যের উপর স্বাস্থ্য শিক্ষা সেশন- ১২টি<br>৮. কর্মকর্তাগণের হালনাগাদ তথ্য- মোট ডাক্তার ২০ জন<br>ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা- ০১ জন<br>খ) আবাসিক মেডিকেল অফিসার- ০১ জন<br>গ) জুনিঃ কনঃ (মেডিসিন)-০১ জন<br>ঘ) জুনিঃ কনঃ (এনেসথিওলজী)- ০১ জন<br>ঙ) মেডিকেল অফিসার/সহকারী সার্জন (হাসপাতাল)- ০৭ জন<br>চ) ডেন্টাল সার্জন- ০১ জন<br>ছ) মেডিকেল অফিসার/সহকরী সার্জন (সাব-সেন্টার)- ০৫ জন<br>জ) ৪২ তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারে সংযুক্তিতে সহকারী সার্জন- ০৩ জন<br>৯. কোভিড-১৯ পরিস্থিতি ঃ (ক) স্থানীয় ৪৮২১ জন, (খ) রোহিঙ্গা- ৫৩৭৮ জন<br>১০. কোভিড-১৯ এর মৃত্যু ঃ (ক) স্থানীয়- ২৫ জন, (খ) রোহিঙ্গা- ৪০ জন<br>১১. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (কোভিশিল্ড)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৬১৯২ জন, (২) মহিলা ২৯২৫ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫৫২৭ জন, (২) মহিলা ২৬৭৮ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৮৫৪ জন, (২) মহিলা ১৭৩৪ জন<br>১২. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (সিনোফার্ম- ভেরো সেল)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪২৯৮৮ জন, (২) মহিলা ৪২৬১৭ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪৪৭১৯ জন, (২) মহিলা ৪৫৬৫৭ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১১৮২ জন (২) মহিলা ১৭১২ জন<br>১৩. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (সিনোভ্যাক)ঃ | সভার বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের শতভাগ সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ২৬১৫৪ জন, (২) মহিলা ২৮৫৯৭ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ২৪০৫৪ জন, (২) মহিলা ২৭৮৬৮ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৮০৩২ জন, (২) মহিলা ৯৫৫৩ জন<br>১৪. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (ফাইজার)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৪১৫৯ জন, (২) মহিলা ১৮৬৯৬ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৪০০৫ জন, (২) মহিলা ১৮০৯১ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৯৪৮০ জন, (২) মহিলা ২১১৬৫ জন<br>১৫. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (মডার্ণা)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫২৯০ জন, (২) মহিলা ৩৬১০ জন<br>১৬. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (ফাইজার-পিডি)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৯৪৮৬ জন, (২) মহিলা ১১১৬৪ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা<br># অদ্য ২২ জানুয়ারী ২০২৩খ্রি. তারিখ হতে ৩১ জানুয়ারী ২০১৩খ্রি. তারিখ সময়কালীন ২৭ তম জাতীয় কৃমি নিয়ন্ত্রণ সপ্তাহ প্রাথমিক/মাধ্যমিক পর্যায়ে অনুষ্ঠিত হচ্ছে। মোট টার্গেট-৭২৪০৮ জন।<br># ৪-১১ ফেব্রুয়ারী ২০২৩খ্রি. সময়কালীন ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম অনুষ্ঠিত হবে। সকল কিন্ডারগার্ডেন, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং সকল পর্যায়ের মাদ্রাসাসহ সরকারী-বেসরকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক "শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা" কার্যক্রম অনুষ্ঠিত হবে। | | |
| ০৫. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া সভায় জানান, উপজেলা মাধ্যমিক পর্যায়ের বই বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ডিগ্রি, স্নাতক সম্মাননা পরীক্ষার জন্য উখিয়া বিশ্ববিদ্যালয় কলেজকে নতুন কেন্দ্র স্থাপন করা হয়। উক্ত অনার্স পরীক্ষা আগামী ০২/০১/২৩খ্রি. এবং ডিগ্রি পরীক্ষা আগামী ১৮/০১/২৩খ্রি. তারিখ শুরু হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগীতা কাম্য। এছাড়া শীতকালীন আন্তঃ ক্রীড়া প্রতিযোগিতা আগামী ১০/০১/২৩খ্রি. শুরু করা হবে এবং ১৬/০১/২৩খ্রি. তারিখ শেষ করা হবে । | সভায় বিস্তারিত আলোচনান্তে ডিগ্রি ও স্নাতক সম্মাননা পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া। |
| ০৬. | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | ১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প : উক্ত প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত ১৩০ টি নলকূপের মধ্যে ৭১ টির বোরিং কাজ সমাপ্ত। বাকী কাজ চলমান। এছাড়াও উক্ত প্রকল্পের আওতায় ০৯ টি কমিউনিটি টিউবওয়েলের কাজ চলমান।<br>২) EMCRP-DPHE : উক্ত প্রকল্পের আওতায় উখিয়া উপজেলায় বরাদ্দকৃত ৭০০ টি ল্যাট্রিনের কাজ চলমান। তার মধ্যে ৪০০ টির কাজ সম্পন্ন হয়েছে। এবং বাকি কাজ চলমান। এছাড়া ও উক্ত প্রকল্পের আওতায় ৫০ টি কমিউনিটি টিউবওয়েলের কাজ চলমান। এবং রাজা পালং ও জালিয়া পালং ইউনিয়নে ০২ টি মিনি পাইপ ওয়াটার সাপ্লাই স্কীমের কাজ চলমান।<br>৩) মুজিব শতবর্ষ : মুজিব শতবর্ষ উপলক্ষে নির্মিত ঘরে সুপেয় পানি সরবরাহের লক্ষে ৩য় পর্যায়ে ২৯ টি পানির উৎস স্থাপনের কাজ চলমান।<br>৪) পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় উখিয়া উপজেলার ০৫ টি ইউনিয়নে আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম (অর্থাৎ পানিতে আর্সেনিক আছে কিনা তা পরীক্ষা করে লাল/সবুজ কালারের মাধ্যমে চিহ্নিত করা) চলমান। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাজের গুনগতমান ঠিক রেখে কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, উখিয়া। |
| ০৭. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া সভায় বলেন যে,<br>১। ২০২৩ শিক্ষাবর্ষে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং কেজি স্কুলে প্রাক-প্রাথমিক হতে প্রথম শ্রেণি ও দ্বিতীয় শ্রেণির বই পাওয়া গেছে এবং তৃতীয়, চতুর্থ, পঞ্চম শ্রেণি পর্যন্ত দুই বিষয়ের বই পাওয়া গেছে।<br>২। প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণদের সাথে ছাত্র-ছাত্রীদের নতুন বইয়ের ব্যবহার সর্ম্পকে মত বিনিময় সভা হয়েছে।<br>৩। ওয়ার্ল্ড ব্যাংকের অর্থায়নে নির্মিত বিদ্যালয়ের নির্মাণ কাজ বিগত দেড় বছর ধরে বন্ধ থাকায় বিদ্যালয়গুলোতে শ্রেণিকক্ষ সংকট থাকায় শ্রেণি পাঠদান ব্যাঘাত হচ্ছে। এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও উপজেলা প্রকৌশলীকে বিশেষভাবে অনুরোধ করা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বইগুলোর সুষ্ঠুভাবে বন্টন ও ওয়ার্ল্ড ব্যাংকের অর্থায়নে নির্মিতব্য বিদ্যালয়ের কাজ দ্রুততম সময়ের মধ্যে শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া। |

<table>
<tr>
<td>০৮.</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়</td>
<td>উপজেলা পরিবার পরিবল্পনা কর্মকর্তা, উখিয়া সভায় বলেন যে,<br>*মোট সক্ষম দম্পতি- ৪৬৪৭৫<br>*মোট পদ্ধতি গ্রহীতা- ৩৬৭৩২<br>*সিএআর- ৭৯.০৪%<br>*মোট গর্ভবতীর সংখ্যা-২৪৩৫<br>• পদ্ধতি ভিত্তিক গ্রহণকারী-<br>ক) খাবার বাড়ি-২০০২৮<br>খ) কনডম- ১৭২৯<br>গ) ইনজেকটেবলস্- ৯১৫১<br>ঘ) আইইউডি-৯৫৩<br>ঙ) ইমপ্লান্ট- ৩০২২<br>চ) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ৭৯৭<br>ছ) স্থায়ী পদ্ধতি ( মহিলা)- ১০৫২<br>*সাধারণ রোগী সেবা- ৯০৪৩<br>*শিশু সেবা- ২০৭৬<br>*গর্ভবকালীন সেবা- ১৭৪৯<br>*প্রসব সেবা- ৪৩৭ (বাড়ীতে-৯৯, প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা- ২৪, প্রশিক্ষণ বিহীন ব্যক্তি দ্বারা- ৭৫, হাসপতালে/ ক্লিনিকে- ৩৩৮, স্বাভাবিক- ২৯০, সিজারিয়ান- ৪৮)।<br>*FWC তে সম্পাদিত ডেলিভারী-৭৮ (জালিয়াপালং-১৯, পালংখালী-১৯, রত্নাপালং-২০, হলদিয়াপালং-২০)।<br>* গর্ভোত্তর সেবা- ৬১৯<br>* মৃত জন্ম -০১<br>* শিশু মৃত্যু- ০০<br>* মাতৃ মৃত্যু- ০০<br>* স্থায়ী পদ্ধতি সম্পাদন (পুরুষ)- ০০<br>* স্থায়ী পদ্ধতি সম্পাদন (মহিলা)- ০৭<br>* দীর্ঘ মেয়াদী পদ্ধতি সম্পাদন (আইইউডি)- ১০২<br>* দীর্ঘ মেয়াদী পদ্ধতি সম্পাদন (ইমপ্লান্ট)-২৬৫<br>এছাড়াও অত্র বিভাগের অন্যান্য কার্যাদি স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে জনসংখ্যার হার বৃদ্ধি রোধকল্পে জনগণের দোরগোড়ায় জন্মনিয়ন্ত্রণ সেবা প্রাপ্তি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উখিয়া।</td>
</tr>
<tr>
<td>০৯.</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, উখিয়া সভায় বলেন-<br>অত্র উপজেলায় কার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৭৯টি।<br>অকার্যকর সমিতির সংখ্যা- ৩৭টি।<br>অকার্যকর সমিতি বাতিল করার জন্য নোটিশ প্রেরণ করা হয়েছে।<br>মোট প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা- ২১৬টি।<br>কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা- ০২টি।<br>বর্তমানে উক্ত সমিতিতে ১৭,৫৯০ জন সদস্য আছে।<br><br>বিগত নিরীক্ষা বর্ষে ধার্যকৃত ও আলোচ্য নিরীক্ষাবর্ষে আদায়কৃত অডিটসেস আদায় ১৫,২২০/-টাকা।<br>বিগত নিরীক্ষা বর্ষে ধার্যকৃত ও আলোচ্য নিরীক্ষাবর্ষে আদায়কৃত সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ ৪,৮৫৩/-টাকা।<br>আলোচ্য নিরীক্ষা বর্ষে বরাদ্ধকৃত ১৬৯টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্ধ প্রদান করা হয় এবং ৮০ টি অডিট সম্পন্ন করা হয়।<br>
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>প্রকল্পের নাম</th><th>আদায়যোগ্য (ক্রমপুঞ্জিভূত)</th><th>আদায় (ক্রমপুঞ্জিভূত)</th><th>খেলাপী ঋণের পরিমাণ</th><th>শতকরা হার</th></tr>
<tr><td rowspan="3">উখিয়া</td><td>আশ্রয়ণ</td><td>১৫,৬৩,০০০/-</td><td>১২,৮১,৮৬০/-</td><td>২,৮১,১৪০/-</td><td>৭০%</td></tr>
<tr><td>আশ্রয়ণ (ফেইজ-২)</td><td>২১,৩১,০০০/-</td><td>১৬,৭৫,১৫/-</td><td>৪,৫৩,৪৮৫/-</td><td>৭০%</td></tr>
<tr><td>আশ্রয়ণ-২</td><td>--</td><td>--</td><td></td><td>--</td></tr>
</table>
<br>এছাড়াও অত্র বিভাগের অন্যান্য কার্যাদি যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, উখিয়া।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উখিয়া নিম্নোক্তভাবে সেবা কার্যক্রম উপস্থাপন করেনঃ<br>১। চিকিৎসা সেবা কার্যক্রম:<br>ক) গবাদি প্রাণি- ১৫৭২টি, খ) হাঁস/মুরগি- ৮৫৫৬টি (গ) পোষা প্রাণি-১৫টি<br>২। রোগ প্রতিরোধ (টিকা প্রদান):<br>ক) গবাদি প্রাণি- ২০৬০ মাত্রা, খ) হাঁস/মুরগি- ৭০০০০ মাত্রা<br>৩। কৃত্রিম প্রজনন: ক) গবাদি প্রাণি- ২২৭ টি<br>৪। প্রশিক্ষণ প্রদান- ১৩২ জন<br>৫। রাজস্ব আদায়-<br>(ক) টিকাবীজ বিক্রয়-১৬,৫৩৫/-<br>(খ) সিমেন বিক্রয়-৬,৮৭০/-<br>(গ) গবাদি প্রাণি ও হাঁস মুরগীর খামার রেজিস্ট্রেশন- ০০<br>(ঘ) খাদ্য ব্রিক্রেতার লাইসেন্স ফি- ০০<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সেবাপ্রার্থীদের যথাযথ ও আন্তরিক সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উখিয়া। |
| ১১. | উপজেলা বন বিভাগ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উখিয়া সভায় জানান, চলতি মাসে ২৩টি কোদাল, ২০টি বেলচা, বালি ১১,৪৬০ ঘনফুট, শাবাল ০১টি, রড কেজি, কাঠ-৩০টি, গাছ-১২৬৫ ঘনফুট, খুটি-৩০টি, টিন-০৪টি, পলিথিন-০৪ কেজি, ড্রেজার মেশিন-০১টি, ডাম্পার ০১টি জব্দকরা হয়েছে যার আনুমানিক মূল্য ৫,৩৬,৯৮০/-। মোট ১৯ জনকে আসামী করে পিওআর মামলা করা হয়েছে ১১টি এবং ইউ,ডি,ও আর মামলা করা হয়েছে ০২টি। তিনি আরো জানান পাহাড় হতে মাটি ও গাছ কাটা এবং বন বিভাগের জমিতে ঘর নির্মাণের বিরুদ্ধে সব ধরনের অভিযান অব্যাহত রয়েছে মর্মে সভাবে অবহিত করেন। তিনি আরো জনান মাটি বা পাহাড় কাটার বিষয়ে যখনি কোন তথ্য পাই সাথে সাথে প্রশাসনের সহযোগিতায় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাবে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বন বিভাগের জমি হতে গাছ, পাহাড় কাটতে না পারে এবং বন বিভাগের জমিতে ঘর বাড়ী নির্মাণ করতে না পারে এর জন্য বন বিভাগকে নজরদারি বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উখিয়া |
| ১২. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, উখিয়া সভায় বলেন যে, চলতি মাসে অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। এছাড়া মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের আওতায় জাটকা নিধন কার্যক্রম(২০২২-২৩) পরিচালনার লক্ষ্যে সমুদ্রগামী মৎস্যজীবীদের সাথে সচেতনমূলক মত বিনিময় সভা সম্পন্ন করা হয় এবং সমুদ্র উপকূলে কোষ্ট গার্ডের সহযোগিতায় সমুদ্র উপকূলীয় ইনানী বড় খাল ঘাট, ইনানী ঝাউবাগান ঘাট এলাকা, সোনারপাড়া ঘাট, রেজুরঘাট এবং মনখালী ঘাট, মাদারবনিয়া ও ছেপটখালী এলাকা পরিদর্শন করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে মৎস্য অধিদপ্তর কর্তৃক নির্মিত "মৎস্য পরামর্শ সেবা" অ্যাপস মৎস্যচাষীদের মাঝে বিতরণ করা হয়। মৎস্য খাদ লাইসেন্স নবায়নের হেতু দুটি দোকান পরিদর্শন করা হয়েছে। রাজস্বখাতের আওতায় রেজুর ব্রীজ সংলগ্ন এলাকায় সী-উইড প্রদর্শনী খামার স্থাপন সম্পন্ন করা হয়েছে। এছাড়া মাঠ পর্যায়ে চাষি সংযোগ, মৎস্য চাষীদের পরামর্শ প্রদান ও মৎস্য খামা পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পরামর্শ কার্যক্রম অব্যাহত রয়েছে। বিশেষ কম্বিং অপারেশন এর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম আরো জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, উখিয়া। |
| ১৩. | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, উখিয়া সভায় বলেন, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির উখিয়া জোনাল অফিসের সকল প্রকার কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য সকল বিভাগসহ জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হল। এছাড়া বিভিন্ন বিভাগের বকেয়া বিল সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে নিম্নরূপ | সভার বিস্তারিত আলোচনান্তে বিদ্যুৎ ববহারে সকলকে সাশ্রয়ী হওয়া ও বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, উখিয়া |

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম | বকেয়া বিদ্যুৎ বিলের পরিমাণ |
|---|---|---|
| ০১ | স্থানীয় সরকার বিভাগ | ৪০৯৬৩৭.০০ |
| ০২ | জেলা থানা প্রকৌশল বিভাগ | ১২৮১৭.০০ |
| ০৩ | স্থানীয় সরকার বিভাগ | ১৩১৮৫২৭.০০ |
| ০৪ | উপজেলা ডাক বিভাগ | ৩২৩১৬.০০ |
| ০৫ | জনস্বাস্থ্য প্রকৌশল | ১০৩৩৬.০০ |
| ০৬ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ৪২২৫২৬.০০ |
| ০৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ৩৯৫১১৭.০০ |
| ০৮ | জননিরাপত্তা বিভাগ | ৬৪৮৭২৩.০০ |
| ০৯ | স্বাস্থ্য সোবা বিভাগ | ১৪০৫৮৫৭.০০ |
| ১০ | আনসার ও ভিডিপি | ১৭৩১২৬.০০ |
| ১১ | জন প্রশাসন মন্ত্রণালয় | ১৫১৫১.০০ |
| ১২ | কৃষি মন্ত্রণালয় | ১৫১৫০.০০ |
| ১৩ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ৪২০৯৩৪১.০০ |
| ১৪ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | ৬৮৫৮৪৪.০০ |
| ১৫ | থানা শিক্ষা অফিস সমূহ | ১৭৭০৭.০০ |
| ১৬ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ১৯২৫৬১.০০ |
| ১৭ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ৫৯৩.০০ |
| ১৮ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ৪০৭১০.০০ |
| ১৯ | খাদ্য মন্ত্রণালয় | ১৭৭৬.০০ |
| ২০ | আইন ও বিচার বিভাগ | ১০০৬৭.০০ |
| ২১ | পানি সম্পদ মন্ত্রণালয় | ৯৩১৭৬৫.০০ |
| ২২ | মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয় | ৪৫১৩.০০ |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td>২৩</td><td>প্রাণি সম্পদ অধিদপ্তর</td><td>৩৭৭১.০০</td></tr>
<tr><td>২৪</td><td>তহশীল অফিস</td><td>১৭২৩৫.০০</td></tr>
<tr><td>২৫</td><td>সমাজ কল্যাণ মন্ত্রণালয়</td><td>৫৬৫৩.০০</td></tr>
<tr><td>২৬</td><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>১৬৮৭৪.০০</td></tr>
<tr><td>২৭</td><td>তথ্য মন্ত্রণালয়</td><td>১১৫৬৭৩.০০</td></tr>
<tr><td>২৮</td><td>অর্থ বিভাগ</td><td>৯৯৪৪.০০</td></tr>
<tr><td>২৯</td><td>অন্যান্য</td><td>৯৮১৯৪.০০</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>১৪,৬৩,৬,৬৩৪.০০/-</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৪.</td>
<td>মহিলা বিষয়ক অধিদপ্তর</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া জানান যে, দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিডব্লিউবি) কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় অত্র উপজেলার ০৫টি ইউনিয়ন এর ২২,৯২৪ জন ভাতাভোগীর মধ্যে ডিসেম্বর ২০২২ইং মাসের খাদ্য শস্য বিতরণ হয়েছে এবং ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় ২২৯২৪ নতুন উপকারভোগীর চুড়ান্ত তালিকা তৈরী করে অনুমোদন করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের উন্নত সংস্করণের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় অত্র উপজেলায় ২০২২-২০২৩ অর্থ বছরের সেপ্টেম্বর/২২ইং মাস পর্যন্ত মোট,৬৯০ জন ভাতাভোগী রয়েছে এবং জুলাই/২২ইং মাসে ভাতাভোগী অনলাইনে ডাটা এন্ট্রির কাজ সাময়িকভাবে স্থগিত রয়েছে।<br>সেলাই (WTC) ১০ জন প্রশিক্ষণার্থীদের অক্টোবর/২২ইং হতে ডিসেম্বর/২২ইং মাস পর্যন্ত ০৩(তিন) মাসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের ১৮ তম ব্যাচের বিউটিফিকেশন ২৫ জন এবং ফ্যাশন ডিজাইন ২৫ জন প্রশিক্ষণার্থীদের ২০ নভেম্বর/২২ ইং হতে জানুয়ারি/২৩ইং মাস পর্যন্ত ০৩(তিন) মাসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া।</td>
</tr>
<tr>
<td>১৫.</td>
<td>যুব উন্নয়ন অধিদপ্তর</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া সভায় বলেন<br>১। চলতি মাসে যুব ঋণ বিতরণ- নাই।<br>২। চলতি অর্থবছরে যুব ঋণ বিতরণ- ৮,৬০,০০০/-<br>৩। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ- ১,১১,৪৮,০০০/-<br>৪। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য-১,০১,৪১,২০০/-<br>৫। ক্রমপুঞ্জিত আদায়কৃত- ৮০,৪৬,৯৭৯/-<br>৬। ক্রমপুঞ্জিত আদায়ের হার- ৭৯%<br>৭। চলতি মাসে চলমান আদায়- ৭৭,৭৮৯/-<br>৮। চলমান আদায়ের হার- ১০০%<br>৯। প্রশিক্ষণ (২০২২-২৩) অর্থ বছরে মোট- ০২টি ব্যাচ ৬০ জন।<br>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া।</td>
</tr>
<tr>
<td>১৬.</td>
<td>পল্লী সঞ্চয় ব্যাংক</td>
<td>সমন্বয়কারী, এবাএবা এবং পল্লী উখিয়া সভায় জানান যে,<br>কর্মকর্তা ও কর্মচারীর বিবরণ
<table>
<tr><th>ক্র: নং</th><th>পদের নাম</th><th>পদ সংখ্যা</th><th>কর্মরত</th><th>শূন্যদ</th></tr>
<tr><td>০১</td><td>সিনিয়র অফিসার</td><td>০১</td><td>০১</td><td>০</td></tr>
<tr><td>০২</td><td>জুনিয়র অফিসার(মাঠ)</td><td>০২</td><td>০১</td><td>০১</td></tr>
<tr><td>০৩</td><td>কম্পিউটার অপারেটর</td><td>০১</td><td>০১</td><td>০</td></tr>
<tr><td>০৪</td><td>ক্যাশ সহকারী</td><td>০১</td><td>০</td><td>০১</td></tr>
<tr><td>০৫</td><td>মাঠ সহকারী</td><td>১০</td><td>০৭</td><td>০৩</td></tr>
<tr><td>০৬</td><td>নৈশ প্রহরী</td><td>০১</td><td>০১</td><td>০</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>১৬</td><td>১১</td><td>০৫</td></tr>
</table>
ক. ঋণ বিতরণ (লক্ষ টাকায়)<br>০১. ক্রমপুঞ্জি ঋণ বিতরণ : ২২৬৫.৩৮<br>০২. ডিসেম্বর/২২খ্রি. মাসে ঋণ বিতরণ : ৩২.৬৫<br>খ. ঋণ আদায় (লক্ষ টাকায়)<br>০১. ক্রমপুঞ্জি ঋণ আদায় : ১৬৩৮.১৩<br>০২. ডিসেম্বর/২২খ্রি. মাসে ঋণ আদায় : ৫১.৮৭<br>গ. সঞ্চয় আদায় (লক্ষ টাকায়)<br>০১. ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় : ২৩২.৩৯<br>০২. ডিসেম্বর/২২খ্রি. মাসে সঞ্চয় আদায় : ২.৪১<br>ঘ. খেলাপীর তথ্য: (লক্ষ টাকায়)<br>০১. মোট খেলাপী ঋণ : ২৫৫.৮৬<br>০২. মোট চলতি ঋণ : ৫৯৯.৮৪<br>০৩. মোট বকেয়া ঋণ : ৮১৫.৭০<br>০৪. খেলাপীর হার : ৩১%<br>ঙ. অন্যান্য কার্যক্রম</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সার্বিক সহযোগীতায় খেলাপী ঋণ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সমন্বয়কারী, এবাএবা এবং পল্লী সঞ্চয় ব্যাংক, উখিয়া</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০১. খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে ক্রাশ প্রোগ্রাম চলমান আছে।<br>০২. খেলাপী ঋণ আদায়ের জন্য উপজেলা প্রশাসনের সহযোগীতা প্রয়োজন।<br>০৩. অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ১৭. | উপজেলা সমাজসেবা অধিদপ্তর | ১। সামাজিক নিরাপত্তাঃ<br>২০২২-২৩ অর্থ বছরের সকল কার্যক্রমের ভাতাভোগীদে ২য় কিস্তির পে- রোল আগামী ২৬ ডিসেম্বর হতে ০৬ জানুয়ারি/২০২৩ সময়ে দেয়া হবে। ইতোমধ্যে ০৫টি ইউনিয়ন হতে বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার মৃত ব্যক্তিদের তালিকা ও তাদের স্থলে প্রতিস্থাপিত তালিকা পাওয়া গেছে। উক্ত সভায় সামাজিক নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। দারিদ্র্য বিমোচনঃ<br>ক্ষুদ্রঋণের আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায়ের হার সন্তোষজনক।<br>০৩। সেবা ও কমিউনিটি ক্ষমতায়ন।<br>উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে ২১ জন অসহায় ও দরিদ্র রোগীদের =৭৪৫০/- টাকার ঔষধ ক্রয় করে দেয়া হয়েছে।<br>০৪। প্রতিবন্ধী বিষয়কঃ<br>৪৭১ জনের আবেদনের প্রেক্ষিতে ৩৬১ জনের বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটিতে মাঠ পর্যায়ে উন্মুক্ত বাছায়ের সিদ্ধান্ত গৃহীত হয়<br>০৫। সামাজিক অবক্ষয় প্রতিরোধ ও প্রবেশনঃ<br>সামাজিক অবক্ষয় প্রতিরোধ ও প্রবেশন স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। আইনের সংঘাতে জড়িত ০১ জন শিশুকে শিশু আইন-২০১৩ এর ৪৮ ধারা অনুযায়ী শিশু বিষয়ক পুলিশ কর্মকর্তা ও প্রবেশন অফিসার হিসেবে তাদেরকে কারাগারে না পাঠিয়ে ডাইভার্সনে মুক্তি দেয়া হয়েছে। সেই সাথে তাদেরকে ফলোআপে রাখা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সেবাপ্রার্থীদের যথাযথ ও আন্তরিক সেবা নিশ্চিত করার সিদ্ধা ন্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উখিয়া। |
| ১৮. | বিবিধ | ক) উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া সভায় বলেন, কোটবাজার স্টেশন একটি গুরুত্বপূর্ণ বানিজ্যিক এলাকা। মাছ বাজারের পশ্চিমাংশে পানি নিষ্কাশনের জন্য ড্রেইন না থাকায় বর্ষাকালে জলাবদ্ধতার সৃষ্টি হয়। এ স্থানে পানি নিষ্কাশনের জন্য একটি ড্রেইন নির্মাণ করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে কোটবাজারের মাছ বাজারের পশ্চিমাংশে উপজেলা পরিষদের হাট-বাজার রক্ষণাবেক্ষণ তহবিল হতে ২,০০,০০০.০০ টাকা ব্যয়ে একটি পানি নিষ্কাশনের ড্রেইন নির্মাণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, উখিয়া |
| | | খ) উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া সভায় বলেন, উপজেলা কম্পাউন্ডে নির্মিত ভবনগুলো অনেক পুরোনো। কয়েকটি ভবন জরাজীর্ণ হয়ে ঝুঁকিপূর্ণ এবং বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। এ সকল ঝুঁকিপূর্ণ এবং জরাজীর্ণ ভবন জরুরী ভিত্তিতে ভেঙ্গে ফেলা একান্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঝুঁকিপূর্ণ এবং বসবাসের অনুপযোগী ভবনসমূহ চিহ্নিত করে বিধি মোতাবেক ভেঙ্গে ফেলার বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, উখিয়া |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া সভায় বলেন, উপজেলা পরিষদের মালিকানাধীন বিভিন্ন ভবনে বসবাসরত কতিপয় কর্মকর্তা/কর্মচারীরা দীর্ঘদিন যাবত বিদ্যুৎ ব্যবহার করলেও বিদ্যুৎ বিল পরিশোধ করছে না। এ সকল কর্মকর্তা/ কর্মচারীদের নিকট হতে বকেয়া বিদ্যুৎ বিল আদায় করা একান্ত প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মালিকানাধীন ভবনে বসবাসরতদের নিকট হতে বকেয়া বিদ্যুৎ বিল আদায় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, উখিয়া জোনাল অফিস |

সভাপতি অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জা... আলম
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
উখিয়া, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৯৪.০০০.০০১.০১৮.২০২২- ১৮৮২(১)

তারিখঃ ১৪ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
০৭। ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
০৮। উপজেলা ............................................................ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার।
০৯। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), ........................................................ ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার।
১০। ........................................................................................................ উখিয়া, কক্সবাজার।
১১। অফিস কপি।

ইমরান হোসাইন সজীব
উপজেলা নির্বাহী অফিসার
উখিয়া, কক্সবাজার।
মুঠোফোন-০১৭৩৩-৩৭৩২০৫

## পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিতির ক্রমানুসারে স্বাক্ষর (উপজেলা পরিষদ সাধারণ সভা), তারিখ- ২৯.১২.২০২২ খ্রিস্টাব্দ

| ক্রঃ নং | উপস্থিতির নাম, পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব কামরুননেছা বেবী, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০২ | জনাব এম. গফুর উদ্দিন চৌধুরী, চেয়ারম্যান, পালংখালী ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৩ | জনাব ডাঃ রনজন বড়ুয়া রাজন, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৪ | জনাব রোকনুজ্জামান খান, উপজেলা প্রকৌশলী, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৫ | জনাব গাজী মু. শফিউল আলম, রেঞ্জ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৬ | জনাব গুলশান আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া, কক্সাবাজার | স্বাক্ষরিত/ |
| ০৭ | জনাব মোঃ আল মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৮ | জনাব মোঃ বদরুল আলম, একাডেমিক সুপার ভাইজার, মাধ্যমিক শিক্ষা অফিস, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৯ | জনাব শিরিন ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১০ | জনাব মোঃ হাতেম আলী, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১১ | জনাব সৌরভ মাহমুদ, উপজেলা মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১২ | জনাব শরীফ ইমতিয়াজ, উপ সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৪ | জনাব জসীমুদ্দিন মোঃ ইউসুফ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৫ | জনাব মোঃ আব্দুল মান্নান, ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৬ | জনাব মোঃ আইয়ুব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৭ | জনাব বাসু রাম দে, উপজেলা আনসার ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত), উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৮ | জনাব রিটন পাল, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ভারপ্রাপ্ত), উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৯ | জনাব শ্যামল বড়ুয়া, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২০ | জনাব এম গফুর উদ্দীন চৌধুরী, চেয়ারম্যান, পালংখালী ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২১ | জনাব ইমরুল কায়েস চৌধুরী, চেয়ারম্যান, হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২২ | জনাব নুরুল হুদা, চেয়ারম্যান, রত্নাপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২৩ | জনাব এস.এম. ছৈয়েদ আলম, চেয়ারম্যান, জালিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২৪ | জনাব মোঃ সালাহ উদ্দীন, প্যানেল চেয়ারম্যান, রাজাপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |